বাংলাদেশ কলেজ অব ফিজিশিয়ানস্ এন্ড সার্জনস্

এফসিপিএস ১ম পর্ব, এফসিপিএস ২য় পর্ব, এফসিপিএস (সাব-স্পেশালিটি), প্রিলিমিনারী এফসিপিএস ২য় পর্ব এবং এমসিপিএস পরীক্ষার জন্য অনলাইন রেজিষ্ট্রেশন এবং ফি জমা দেয়ার নিয়মাবলী।

সাধারণ নিয়মাবলী:

১. জানুয়ারী ২০১৬ ইং সেশনের পরীক্ষা থেকে বিসিপিএস এর সকল পরীক্ষার রেজিস্ট্রেশন এবং পরীক্ষার ফি জমা অনলাইনে দেয়া বাধ্যতামূলক করা হয়েছে।

২. প্রথমে ব্যাংকে গিয়ে নির্দিষ্ট পরিমান টাকা জমা দিন। ব্যাংকে টাকা জমা দেয়ার সময় টাকার রশিদের উপর নাম, স্বাক্ষর, মোবাইল নং, পরীক্ষার নাম, বিএমডিসি রেজিস্ট্রেশন নং ইত্যাদি লিখুন।

৩. ব্যাংকে টাকা জমা দেয়ার পর ব্যাংক রশিদ, প্রয়োজনীয় সনদসমূহ, ছবি, স্বাক্ষর (অবশ্যই ৩০০ কেবি এর নীচে) স্ক্যান করে রেজিষ্ট্রেশনের সময় সংযোজন করুন।

৪. যাদের PEN/SEN/MEN কার্ড রয়েছে কিন্তু অনলাইন রেজিস্ট্রেশন করা নাই তারা পুরাতন পরীক্ষার্থী হিসেবে http://exams.bcpsbd.org.blossom.arvixe.com ওয়েব সাইটে গিয়ে রেজিস্ট্রেশন করুন।

৫. যাদের অনলাইন রেজিস্ট্রেশন নাম্বার রয়েছে (জানুয়ারী ২০১৬ ইং সেশনের পর পরীক্ষা দিয়েছেন) তারা পরীক্ষার ফি ব্যাংকে জমা দিয়ে টাকার রশিদ স্ক্যান করে অনলাইন রেজিস্ট্রেশনের জন্য দেয়া পাসওয়ার্ড ব্যবহার করে সংরক্ষিত একাউন্টে গিয়ে ‘Re-exam’ option এ ক্লিক করে টাকার রশিদ সংযোজন করুন।

৬. নতুন পরীক্ষার্থীদের ফরমের হার্ড কপি ও অন্যান্য কাগজপত্র অবশ্যই উল্লিখিত সময়ের মধ্যে কলেজের প্রশাসন বিভাগে (ব্লক-সি, রুম-২০১) জমা দিতে হবে (এফসিপিএস ১ম পর্ব পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য নয়)।

৭. যিনি এখন পর্যন্ত এফসিপিএস ১ম পর্ব পাশ করেন নাই তিনিই শুধুমাত্র বিষয় পরিবর্তন করার জন্য আবেদন করতে পারবেন।

৮. একই সেশনে একাধিক পরীক্ষায় অংশগ্রহণ করা যাবেনা।

৯. প্রার্থীতা প্রত্যাহার করার জন্য অবশ্যই অনলাইন রেজিস্ট্রেশন করা থাকতে হবে। যাদের রেজিস্ট্রেশন করা আছে তারা তাদের পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্টে গিয়ে প্রার্থীতা প্রত্যাহারের সঠিক কারণ লিখে আবেদন দাখিল করুন। কলেজ থেকে অনুমোদনের পর প্রার্থীর পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্টে প্রার্থীতা প্রত্যাহার হয়েছে মর্মে মেসেজ দেখা যাবে।

১০. নতুন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন করার জন্য আবেদন দাখিল করার সাথে সাথে মোবাইলে এবং ই-মেইলে আবেদন কলেজে দাখিল হয়েছে মর্মে মেসেজ পাবেন। পরবর্তীতে কাগজপত্র ও পরীক্ষার ফি যাচাই করার পর মোবাইলে/ই-মেইলে eligible মেসেজ যাবে এবং তারপর পরীক্ষার্থীর একটি একাউন্ট তৈরী হবে। পরবর্তী সেশনগুলোতে পরীক্ষা দেয়ার প্রয়োজন হলে পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্টে ঢুকে শুধু পরীক্ষার ফি জমার রশিদ সংযোজন করলেই হবে।

১১. কোর্স সার্টিফিকেট জমাদান সাপেক্ষে, ডিজারটেশন অনুমোদন সাপেক্ষে ও অন্যান্য কাগজপত্র যাচাইপূর্বক Eligible ম্যাসেজ প্রেরণ করা হয়ে থাকে।

১২. যারা BMDC registration certificate renew date correct/update করতে চান, তারা BMDC থেকে BMDC registration certificate renew করে পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্টে ঢুকে ‘Validity date’ সংশোধন করলে একাউন্টে date correct/update হবে।

১৩. অনলাইন রেজিস্ট্রেশনের জন্য ডাটা এন্ট্রি করার পর, ডাটা সংশোধন করতে চাইলে কলেজের হিসাব বিভাগে ৫০০/-টাকা জমা দিয়ে পরীক্ষা বিভাগে (ব্লক-বি, ২য় তলা, রুম-২০৮) ডাটা সংশোধনের আবেদনসহ রশিদ জমা দিতে হবে।

১৪. বিসিপিএস এর অফিস সময়সূচী: শনিবার থেকে বুধবারঃ সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত এবং বৃহস্পতিবারঃ সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত। ক্যাশ শাখার লেনদেন সময়সূচী: শনিবার থেকে বুধবারঃ সকাল ৯.০০ ঘটিকা থেকে বিকাল ৩.০০ ঘটিকা পর্যন্ত এবং বৃহস্পতিবারঃ সকাল ৯.০০ ঘটিকা থেকে দুপুর ১.০০ ঘটিকা পর্যন্ত।

১৫. একটি ই-মেইল নাম্বার একাধিক পরীক্ষার রেজিষ্ট্রেশনের জন্য ব্যবহার করা যাবে না। অর্থ্যাৎ অনলাইন রেজিস্ট্রেশন পদ্ধতিতে একটি ই-মেইল নাম্বার একবারই ব্যবহার করা যাবে। নিরাপত্তা এবং গোপনীয়তার স্বার্থে রেজিষ্ট্রেশনের সময় শুধুমাত্র ব্যক্তিগত ই-মেইল নাম্বার এবং মোবাইল নাম্বার ব্যবহার করুন।

১৬. নতুন পরীক্ষার্থীরা মোবাইলে/ই-মেইলে eligible মেসেজ না পাওয়া পর্যন্ত forgot password/ password change করতে পারবেন না।

১৭. রেজিষ্ট্রেশন করার সময় নামের পূর্বে Dr. লেখার প্রয়োজন নেই এবং Capital Letter এ ডাটা এন্ট্রি করুন।

১৮. যাদের অনলাইন রেজিস্ট্রেশন নাম্বার রয়েছে এবং বিষয় পরিবর্তন করতে চান, তারা তাদের পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্টে গিয়ে 'Subject Change' option এ গিয়ে টাকার রশিদ সংযোজন করুন (শুধুমাত্র এফসিপিএস ১ম পর্ব পরীক্ষার্থীদের জন্য প্রযোজ্য)।

১৯. যিনি একটি বিষয়ে এফসিপিএস ১ম পর্ব পাশ করেছেন এবং আরো একটি বিষয়ে এফসিপিএস ১ম পর্ব পরীক্ষা দিতে চান, তিনি তার পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্টে গিয়ে 'Additional Subject' option এ গিয়ে টাকার রশিদ সংযোজন করুন। একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি বিষয়ে এফসিপিএস ১ম পর্ব পাশ করতে পারবেন।

২০. অনলাইন রেজিস্ট্রেশনের বিস্তারিত গাইডলাইনের জন্য http://exams.bcpsbd.org.blossom.arvixe.com সাইটে গিয়ে 'Register' বাটনে ক্লিক করুন। তারপর Online Registration Guide এ ক্লিক করুন।

২১. অনলাইন রেজিস্ট্রেশনের Notification এবং Online Registration Notice দেখার জন্য http://exams.bcpsbd.org.blossom.arvixe.com সাইটে গিয়ে 'Register' বাটনে ক্লিক করুন। তারপর 'Notice' বাটনে ক্লিক করুন।

২২. রেজিষ্ট্রেশনের সময় ব্যাংকের শাখার নাম এবং মেডিকেল কলেজ/ইনষ্টিটিউটের নাম তালিকায় না পেলে কলেজের ই-মেইল query@bcps-bd.org যোগাযোগ করুন।

২৩. জানুয়ারী ২০১৭ ইং সেশন থেকে যে পরীক্ষার জন্যই রেজিস্ট্রেশন করা হোক না কেন (নিয়মানুযায়ী) পরবর্তীতে পরীক্ষা দেয়ার প্রয়োজন হলে আবার নতুন করে রেজিস্ট্রেশন করা লাগবেনা। একই পাসওয়ার্ড দ্বারা একাউন্টে প্রবেশ করে অন্য পরীক্ষার জন্য রেজিস্ট্রেশন করতে পারবেন। অর্থ্যাৎ একজন পরীক্ষার্থীর একাধিক পাসওয়ার্ড ও একাধিক একাউন্ট থাকবেনা। একটি একাউন্ট দিয়ে অন্য পরীক্ষার জন্য আবেদন করা যাবে।

২৪. প্রথমবার (নতুন পরীক্ষার্থী) রেজিষ্ট্রেশন করার সময় কোন কারণে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে না পারলে ডাটা save করে পরবর্তীতে আবার আগের এন্ট্রি যেখানে শেষ হয়েছিল সেখান থেকে ডাটা এন্ট্রি করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পারবেন। ডাটা save না করলে রেজিস্ট্রেশন অসম্পূর্ণ থাকবে।

২৫. অনলাইন রেজিস্ট্রেশনের সর্বশেষ তারিখের পরের দিন কলেজের ওয়েবসাইটে registered candidate দের তালিকা প্রকাশ করা হবে। সর্বোচ্চ তিন দিন এ তালিকা ওয়েবসাইটে রাখা হবে। প্রকাশিত তালিকাতে আপনার নাম আছে কিনা যাচাই করুন। তালিকাতে নাম নাই কিন্তু অন-লাইন রেজিস্ট্রেশন করেছেন মর্মে মোবাইলে বা ই-মেইলে Online Successful Message পেয়েছেন তাদেরকে জানুয়ারি সেশনে পরীক্ষার জন্য ১৮ নভেম্বর ও জুলাই সেশনে পরীক্ষার জন্য ১৮ মে দুপুর ০১.০০ ঘটিকার মধ্যে রেজিস্ট্রেশন সংক্রান্ত মেসেজ ও যাবতীয় ডকুমেন্টের Soft Copy-সহ কলেজের পরীক্ষা বিভাগে (ব্লক-বি, ২য় তলা, রুম-২০৮) যোগাযোগ করুন।

নতুন পরীক্ষার্থী:

১. http://exams.bcpsbd.org.blossom.arvixe.com ওয়েব সাইটে গিয়ে 'Register' বাটনে ক্লিক করুন। I accept the terms of the Agreement এ ক্লিক করুন। যে পরীক্ষায় অংশগ্রহণ করতে চান সে পরীক্ষায় ক্লিক করুন। 'New Applicant' এ ক্লিক করুন। পরবর্তীতে ডাটা এন্ট্রি, কাগজপত্র এবং ছবি ও স্বাক্ষর সংযোজন (অবশ্যই ৩০০ কেবি এর নীচে) করুন। এন্ট্রি শেষ করার পর revise your entry আসবে; ঠিক থাকলে 'Finish' চাপুন। ঠিক না থাকলে previous/back (পেছনে) এ গিয়ে ডাটা সংশোধন করে 'Next' বাটন চেপে 'Finish' এ ক্লিক করুন।

২. উপরোক্ত প্রক্রিয়াটি সম্পন্ন হওয়ার সাথে সাথে আপনার ই-মেইল/মোবাইলে ডাটা এন্ট্রি হয়েছে মর্মে মেসেজ যাবে। মেসেজ না পেলে কলেজের পরীক্ষা বিভাগে (ব্লক-বি, ২য় তলা, রুম-২০৮) যোগাযোগ করুন।

৩. পরবর্তীতে কলেজ তথ্যাদি যাচাই করে কোন সমস্যা পেলে ই-মেইলে জানাবে। সমস্য না পাওয়া গেলে পরীক্ষার্থীর ই-মেইলে/মোবাইলে Eligible মেসেজ সহ পাসওয়ার্ড যাবে এবং পরীক্ষার্থীর একটি একাউন্ট (প্রোফাইল) তৈরী হবে। পরবর্তীতে পাসওয়ার্ড দিয়ে পরীক্ষার্থী লগইন করে এডমিট কার্ড প্রিন্ট করা এবং প্রার্থীতা প্রত্যাহারসহ পরীক্ষার ফলাফল দেখতে পারবেন।

৪. পরবর্তী সেশনগুলোতে একই পরীক্ষা দেয়ার প্রয়োজন হলে পাসওয়ার্ড দিয়ে একাউন্টে প্রবেশ করে তথ্যাদি এন্ট্রি করে স্ক্যানকৃত টাকার রশিদ সংযোজন করে পরীক্ষার জন্য আবেদন করতে পারবেন।

৫. এফসিপিএস ২য় পর্ব, এফসিপিএস (সাব-স্পেশালিটি), প্রিলিমিনারী এফসিপিএস ২য় পর্ব এবং এমসিপিএস পরীক্ষার্থীদের জানুয়ারী পরীক্ষার জন্য ১৮ নভেম্বর ও জুলাই পরীক্ষার জন্য ১৮ মে এর মধ্যে অনলাইন রেজিস্ট্রেশনের ডকুমেন্ট (ফরম) এর প্রিন্ট কপি এবং অন্যান্য কাগজপত্রের হার্ডকপি অবশ্যই কলেজের প্রশাসন বিভাগ (ব্লক-সি, রুম-২০১) জমা দিতে হবে।

৬. রেজিষ্ট্রেশন করার সাথে সাথেই Eligible মেসেজ প্রেরণ করা হয়না। কোর্স সার্টিফিকেট জমাদান সাপেক্ষে, ডিজারটেশন অনুমোদন সাপেক্ষে ও অন্যান্য কাগজপত্র যাচাইপূর্বক Eligible ম্যাসেজ প্রেরণ করা হয়। Eligible করা হলে মোবাইলে/ই-মেইলে/পাসওয়ার্ড সংরক্ষিত একাউন্টে মেসেজ যাবে।

<u>পুরাতন পরীক্ষার্থী (যাদের অনলাইন রেজিস্ট্রেশন নাম্বার আছে):</u>

১. http://exams.bcpsbd.org.blossom.arvixe.com সাইটে গিয়ে ‘Login’ বাটনে ক্লিক করুন, পরীক্ষার নাম নির্ধারণ করুন, বিএমডিসি নাম্বার লিখুন (রেজিষ্ট্রেশনের সময় A ব্যবহার করলে নাম্বারের পূর্বে A দিন A ব্যবহার না করলে শুধুমাত্র নাম্বার দিন) এবং পাসওয়ার্ড লিখুন।

২. এরপর একাউন্টে প্রবেশ করে ডাটা এন্ট্রি করে টাকার রশিদ সংযোজন করুন। সংযোজন হয়েছে কিনা আপনার একাউন্টে ঢুকে Status “Pending” (Pending থাকলে বুঝতে হবে আবেদন দাখিল হয়েছে) না Eligible তা যাচাই করুন।

৩. পরবর্তীতে কলেজ টাকার রশিদ ব্যাংকের সাথে মেলানোর পর Eligible করবে। Eligible করার পর আপনি আপনার একাউন্টে ঢুকে দেখতে পারবেন আপনি Eligible হয়েছেন কিনা (মোবাইলে/ই-মেইলে মেসেজ যাবেনা)।

<u>পুরাতন পরীক্ষার্থী (যাদের PEN/SEN/MEN নাম্বার রয়েছে কিন্তু অনলাইন রেজিস্ট্রেশন নাম্বার নাই):</u>

১. http://exams.bcpsbd.org.blossom.arvixe.com ওয়েব সাইটে গিয়ে ‘Register’ বাটনে ক্লিক করুন। I accept the terms of the Agreement এ ক্লিক করুন। যে পরীক্ষায় অংশগ্রহণ করতে চান সে পরীক্ষায় ক্লিক করুন। ‘Old Applicant’ এ ক্লিক করুন। পরবর্তীতে ডাটা এন্ট্রি এবং ছবি ও স্বাক্ষর সংযোজন (অবশ্যই ৩০০ কেবি এর নীচে) করুন। এন্ট্রি শেষ করার পর revise your entry আসবে ঠিক থাকলে ‘finish’ চাপুন। ঠিক না থাকলে previous/back (পেছনে) এ গিয়ে ডাটা সংশোধন করে ‘next’ বাটন চেপে ‘finish’ এ ক্লিক করুন।

২. উপরোক্ত প্রক্রিয়াটি সম্পন্ন হওয়ার সাথে সাথে আপনার ই-মেইল/মোবাইলে ডাটা এন্ট্রি হয়েছে মর্মে মেসেজ যাবে। মেসেজ না পেলে কলেজের পরীক্ষা বিভাগে (ব্লক-বি, ২য় তলা, রুম-২০৮) যোগাযোগ করুন।

৩. পরবর্তীতে কলেজ তথ্যাদি যাচাই করে কোন সমস্যা পেলে ই-মেইলে জানাবে। কোন সমস্য না পাওয়া গেলে পরীক্ষার্থীর ই-মেইলে/মোবাইলে Eligible মেসেজ সহ পাসওয়ার্ড যাবে এবং পরীক্ষার্থীর একটি একাউন্ট (প্রোফাইল) তৈরী হবে। পরবর্তীতে পাসওয়ার্ড দিয়ে পরীক্ষার্থী লগইন করে এডমিট কার্ড প্রিন্ট করা এবং প্রার্থীতা প্রত্যাহারসহ পরীক্ষার ফলাফল দেখতে পারবেন। পরবর্তী সেশনগুলোতে পরীক্ষা দেয়ার প্রয়োজন হলে একাউন্টে প্রবেশ করে তথ্যাদি এন্ট্রি করে টাকার রশিদ সংযোজন করলেই হবে।

<u>পুরাতন পরীক্ষার্থী (যাদের PEN/SEN/MEN নাম্বার রয়েছে কিন্তু অনলাইন রেজিস্ট্রেশন নাম্বার নাই এবং বিষয় পরিবর্তন/অতিরিক্ত বিষয়ে পরীক্ষা দিতে চান):</u>

১. http://exams.bcpsbd.org.blossom.arvixe.com সাইটে গিয়ে ‘Register’ বাটনে ক্লিক করুন। I accept the terms of the Agreement এ ক্লিক করুন। যে পরীক্ষায় অংশগ্রহণ করতে চান ক্লিক

করুন তারপর 'Old Applicant' এ ক্লিক করুন এবং pen/sen/men নাম্বার লিখুন। বিষয় পরিবর্তন হলে 'Change Subject' এ ক্লিক করুন (শুধুমাত্র এফসিপিএস ১ম পর্বের জন্য প্রযোজ্য)। অতিরিক্ত বিষয় হলে 'Additional Subject' এ ক্লিক করুন (শুধুমাত্র এফসিপিএস ১ম পর্বের জন্য প্রযোজ্য)।

২. পরবর্তীতে ডাটা এন্ট্রি করুন এবং প্রয়োজনবোধে কাগজপত্র সংযোজন (অবশ্যই ৩০০ কেবি এর নীচে) করুন। এন্ট্রি শেষ করার পর revise your entry আসবে, ঠিক থাকলে 'Finish' চাপুন। ঠিক না থাকলে previous/back (পেছনে) এ গিয়ে ডাটা সংশোধন করে 'Next' বাটন চেপে 'Finish' এ ক্লিক করুন।

৩. উপরোক্ত প্রক্রিয়াটি সম্পন্ন হওয়ার সাথে সাথে আপনার ই-মেইল/মোবাইলে ডাটা এন্ট্রি হয়েছে মর্মে মেসেজ যাবে। মেসেজ না পেলে কলেজের পরীক্ষা বিভাগে (ব্লক-বি, ২য় তলা, রুম-২০৮) যোগাযোগ করুন।

৪. পরবর্তীতে কলেজ তথ্যাদি যাচাই করে কোন সমস্যা পেলে ই-মেইলে জানাবে। সমস্য না পাওয়া গেলে পরীক্ষার্থীর ই-মেইলে/মোবাইলে Eligible মেসেজ সহ পাসওয়ার্ড যাবে এবং পরীক্ষার্থীর একটি একাউন্ট (প্রোফাইল) তৈরী হবে। পরবর্তীতে পাসওয়ার্ড দিয়ে পরীক্ষার্থী লগইন করে এডমিট কার্ড প্রিন্ট করা এবং প্রার্থীতা প্রত্যাহারসহ পরীক্ষার ফলাফল দেখতে পারবেন। পরবর্তী সেশনগুলোতে পরীক্ষা দেয়ার প্রয়োজন হলে একাউন্টে প্রবেশ করে তথ্যাদি এন্ট্রি করে টাকার রশিদ সংযোজন করলেই হবে।

পুরাতন পরীক্ষার্থী -যাদের অনলাইন রেজিস্ট্রেশন নাম্বার রয়েছে এবং বিষয় পরিবর্তন (যারা এফসিপিএস ১ম পর্ব পাশ করেন নাই) / অতিরিক্ত বিষয়ে (যারা ১টি বিষয়ে এফসিপিএস ১ম পর্ব পাশ করেছেন) পরীক্ষা দিতে চান:

১. http://exams.bcpsbd.org.blossom.arvixe.com সাইটে গিয়ে login বাটনে ক্লিক করুন, পরীক্ষার নাম নির্ধারণ করুন, বিএমডিসি নাম্বার লিখুন (রেজিস্ট্রেশনের সময় A ব্যবহার করলে নাম্বারের পূর্বে A দিন, A ব্যবহার না করলে শুধুমাত্র নাম্বার দিন) এবং পাসওয়ার্ড লিখুন।

২. এরপর একাউন্টে প্রবেশ করে বিষয় পরিবর্তন করতে চাইলে Subject Change নির্ধারণ করে ডাটা এন্ট্রি করে টাকার রশিদ সংযোজন করুন। অতিরিক্ত বিষয়ে পরীক্ষা দিতে চাইলে Additional Subject নির্ধারণ করে ডাটা এন্ট্রি করে টাকার রশিদ সংযোজন করুন।

৩. পরবর্তীতে কলেজ টাকার রশিদ ব্যাংকের সাথে মিলানোর পর Eligible করবে। Eligible করার পর আপনি আপনার একাউন্টে ঢুকে দেখতে পারবেন আপনি Eligible হয়েছেন কিনা (মোবাইলে/ই-মেইলে মেসেজ যাবেনা)।

প্রার্থীতা প্রত্যাহার:

১. প্রার্থীতা প্রত্যাহারের জন্য অবশ্যই Eligible হতে হবে এবং পাসওয়ার্ড থাকতে হবে। প্রার্থীতা প্রত্যাহার করতে ইচ্ছুক কিন্তু যারা এখনও পাসওয়ার্ড পান নাই তাদের কলেজের হিসাব বিভাগে এসে নির্দিষ্ট সময়ের মধ্যে প্রার্থীতা প্রত্যাহারের আবেদন করতে হবে।

২. প্রার্থীতা প্রত্যাহারের জন্য http://exams.bcpsbd.org.blossom.arvixe.com সাইটে গিয়ে 'Login' বাটনে ক্লিক করুন, পরীক্ষার নাম নির্ধারণ করুন, বিএমডিসি নাম্বার লিখুন (রেজিস্ট্রেশনের সময় A ব্যবহার করলে নাম্বারের পূর্বে A দিন, A ব্যবহার না করলে শুধুমাত্র নাম্বার দিন) এবং পাসওয়ার্ড লিখুন।

৩. এরপর একাউন্টে প্রবেশ করে Exam Cancellation/Withdrawal এ ক্লিক করে ডাটা এন্ট্রি করে টাকার রশিদ সংযোজন করুন। আপনি আপনার একাউন্টে ঢুকে দেখতে পারবেন আপনার Exam Cancellation/ Withdrawal request কলেজে পৌঁছেছে কিনা এবং request accept হয়েছে কিনা।

৪. ৭৫% টাকা চেকের মাধ্যমে পরীক্ষার ২/৩ মাস পর ফেরৎ প্রদান করা হবে। চেক ফেরৎ নেয়ার ব্যাপারে কলেজের হিসাব বিভাগ (ব্লক-সি, কক্ষ-২০৫) থেকে চেক সংগ্রহ করতে পারবেন। সময়মত প্রার্থীতা প্রত্যাহার বা request কলেজে না পৌঁছালে টাকা ফেরৎ পাওয়া যাবে না।

=============